

গণযোগাযোগ ও সাংবাদিকতাসহ আরও ৮ বিষয়ে অনার্স কোর্স চালু হচ্ছে জবিতে

সিলেবাস প্রণয়নের কাজ শেষ পর্যায়ে : ভিসি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতাসহ আরও ৮টি নতুন বিষয়ে অনার্স কোর্স চালু হচ্ছে। ২০০৮-০৯ শিক্ষাবর্ষ থেকে তা চালু হবে। জানা গেছে, নতুন ৮টি বিষয়ের মধ্যে রয়েছে বিজ্ঞান অনুবাদের ফার্মেসী, কম্পিউটার সফটওয়্যার এড ইঞ্জিনিয়ারিং, অনুপ্রাণিত বিজ্ঞান ও জৈব প্রযুক্তি, ইলেকট্রনিক্স এড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কলা অনুবাদের আইন, সামাজিক বিজ্ঞান অনুবাদের নৃত্যবিজ্ঞান, গণযোগাযোগ ও সাংবাদিকতা এবং লোক প্রশাসন। এসব ব্যাপারে আদ্যাপকালে বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. দিগ্বিদ্যুৎ ইসলাম বান ইনকিলাবকে জানান, ইতোমধ্যে এই বিষয়গুলোর সিলেবাস প্রণয়নের কাজ শেষ পর্যায়ে রয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় ২০০৫-০৬ শিক্ষাবর্ষ থেকে ২২টি বিষয় নিয়ে সেমিস্টার পদ্ধতিতে শিক্ষা কার্যক্রম চূড়ান্ত করেছে। এরপর ২০০৬-০৭ শিক্ষাবর্ষ থেকে কণিকা অনুবাদের দুটি নতুন বিভাগ কনসার্ন এড ব্যারিট্রিং ও মার্কিট্রিং বিভাগ চালু করে। তাই মোট বিষয়ের সংখ্যা দাঁড়ায় ২৪টিতে এবং অনুবাদের ৪টি। তবে বর্তমান ২০টি বিভাগ ও ৪টি অনুবাদের সাথে নতুন ৮টি বিষয়সহ মোট বিষয় হবে ৩২টি। এছাড়াও আরো দুটি নতুন বিভাগ বেঙ্গলার ব্যাপারে ডিনস কমিটি সর্বনিম্নত জ্ঞাপন করেছে। জানা যায়, ১৮৬৮ সালে এই প্রতিষ্ঠানটি চূড়ান্ত হিসেবে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে কালক্রমে কলেজ পর্যায় শেষে বিশ্ববিদ্যালয় হিসেবে রূপান্তরিত হয় ২০০৫ সালের ২০ অক্টোবর। বর্তমানে ২০ তলা নির্মাণাধীন একটি একাডেমিক ও প্রশাসনিক ভবনের কাজ চলছে। প্রথম অবস্থায় এটি ৭ তলা পর্যন্ত নির্মাণ করা হবে। অন্যদিকে, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হওয়ার পর গেজেটের নিয়ম অনুযায়ী কলেজের অসমাপ্ত কাজ বিশ্ববিদ্যালয়ে কাজ হিসেবে বিজ্ঞানস ঠাভিভ ভবনের উপরের তলার প্রকল্পটির কাজ শেষ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এছাড়াও পুরাতন ভবনসমূহের সংস্কার কার্যক্রম দ্রুত এগিয়েও চলছে। এদিকে, বিশ্ববিদ্যালয়ের পিছনের গেট সংলগ্ন নির্মাণাধীন দ্বিতল বিশিষ্ট ভবনের দৌতলায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের কনসার্নের কথা মাথায় রেখে অ্যাম্বী ব্যাক হাউস এবং নিচতলায় বাংলাদেশ ডাক বিভাগ জবি শাখা স্থাপন করা হবে। তাছাড়াও বিশ্ববিদ্যালয়ের মসজিদ সংলগ্ন বালি স্থানে নিজস্ব বৈদ্যুতিক লাইন স্থাপন ও জেনারেটর স্থাপন কাজও এগিয়ে চলছে। এমনকি মসজিদের সংস্কারের কাজও দ্রুত এগিয়ে যাচ্ছে। অপরদিকে, বিসিও জগন্নাথ কলেজের ১২টি হল রয়েছে দীর্ঘদিন ধরে ভূমি জালিয়াতি চক্রের দখলে। এ নিয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৩৯ বছরের হিসাবসহ গেল বছরের নভেম্বর মাসে একটি সিএ ফর্মের সাথে চুক্তি করে। যা নভেম্বর মাসের শেষ সপ্তাহে কাজও শুরু করেছে। প্রায় ১৮ লাখ টাকায় এ সিএ ফর্মের সাথে চুক্তি হয়। ইতোমধ্যে সিএ ফর্ম প্রাথমিক ও মাধ্যমিক রিপোর্ট প্রদান করেছে। তবে পূর্ণাঙ্গ রিপোর্ট এ মাসে জমা দেয়ার কথা রয়েছে। রিপোর্ট পাওয়ার পর কর্তৃপক্ষ হলগুলো উদ্ধারের ব্যবস্থা নেবেন বলে জানিয়েছেন। বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে প্রায় ২৭ হাজার শিক্ষার্থী ও প্রায় ৩০০ শিক্ষক-শিক্ষিকা রয়েছে।